# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ★ আকমল আলী স্ত্রী সন্তানদের নিয়ে গ্রামে বসবাস করতেন। কিন্তু গ্রামে আয়ের ভালো ব্যবস্থা না থাকায় কাজের সন্ধানে শহরে যান এবং রিকশা চালিয়ে সংসার চালান। তিনি যা আয় করেন তা দ্বারা সংসারের সবার খাবারের ব্যবস্থা করতে পারেন এবং বাসার পাশেই সরকারি প্রাইমারী স্কুল থাকায় ছেলে-মেয়েদের লেখাপড়াও করান। কিন্তু কম আয়ের কারণে স্ত্রী সন্তানদের প্রয়োজনমতো কাপড় চোপড় কিনে দিতে পারে না, অসুস্থ হলে চিকিৎসা করাতে পারেন না এবং অবসর সময় কাটানোর জন্য একটি টিভিও কিনে দিতে পারেন না। তবে বস্তি এলাকায় বসবাস করলেও ঘরে থাকতে তাদের খুব একটা অসুবিধা হয় না।

ক. রবার্ট এল বার্কার সম্পাদিত অভিধান কোনটি? ১

খ. মৌল মানবিক চাহিদা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আকমল আলীর পরিবার কী কী মৌল মানবিক চাহিদা পূরণ করতে পারছে তা যথার্থ কিনা? তোমার মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকে আকমল আলী ও তার পরিবার যেসব চাহিদা পূরণ করতে পারছে তা যথার্থ কিনা? তোমার মতামত দাও। ৪

২. ▶ জনাব ইমরান একজন পেশাদার সমাজকর্মী। তিনি সমাজকর্মের একটি বিশেষ শাখার জ্ঞান, দক্ষতা ও পদ্ধতি প্রয়োগ করে ব্যক্তি ও পরিবারের মনো-দৈহিক, সামাজিক নিষ্ক্রিয়তা, অক্ষমতা, জড়তা ইত্যাদি সমস্যা সমাধান ও প্রতিরোধে সাহায্য করে থাকে।

ক. বাংলাদেশে চিকিৎসা সমাজকর্মের যাত্রা শুরু হয় কখন? ১


খ. প্রবীণ সমাজকর্ম বলকে কী বোঝায়? ২

গ. উদ্দপিকে জনাব ইমরান সমাজকর্মের কোন শাখায় কাজ করেছেন? ব্যাখ্যা করো।৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব ইমরানের অনুশীলন শাখার গুরুত্ব বাংলাদেশের প্রেক্ষিতে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩. ★





ক. গ্রিক Problema শব্দের অর্থ কী? ১
খ. "সামাজিক সমস্যা সমাজ থেকে উদ্ভূত"— বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকটিতে "?" চিহ্নিত স্থানে কোন সামাজিক সমস্যাকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত সমস্যা থেকে মুক্তির জন্য একজন সমাজকর্মী কী ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? ৪

৪.▶ ফয়সাল একটি নামকরা বিশ্ববিদ্যালয় থেকে মনোবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি নিয়েছেন। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে তিনি চাকরির চেষ্টা করছেন। তবে প্রচলিত মজুরি কাঠামোতে চাকরি করতে ইচ্ছুক থাকা সত্ত্বেও তিনি চাকরি পেতে অসমর্থ হন। অন্যদিকে পুঁজি না থাকায় তার পক্ষে ব্যবসা করাও সম্ভব হচ্ছে না। তাই বর্তমানে তিনি অনেকাংশে হতাশাগ্রস্ত।

ক. HIV-এর পূর্ণরূপ কী? ১
খ. বাল্যবিবাহ বলতে কী বোঝায়? ২
গ. ফয়সালের বিষয়টি কোন ধরনের সমস্যাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত সমস্যা সমাধানে একজন সমাজকর্মীর ভূমিকা কী হতে পারে? বিশ্লেষণ করো। ৪

৫. ★




ক. যৌতুক নিরোধ আইনটি কত সালে কার্যকর হয়? ১
খ. আমল-অযোগ্য অপরাধ বলতে কী বোঝায়? ২
গ. ছকে প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কোন আইনের নাম লিখলে অ্যারো ছকগুলো হবে তার ধারা? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. ছকে উল্লিখিত আইনের ধারাগুলো মহিলাদের অধিকার সুরক্ষায় একটি মাইলফলক পাঠ্যবইয়ের আলোকে তোমার মতামত দাও। ৪

৬.▶ শিল্পবিপ্লবের পর স্বামী-স্ত্রীর কর্মব্যস্ততার কারণে পারিবারিক বন্ধন শিথিল হয়ে পড়েছে। শিশুদের বাবা-মা একদম সময় দিতে পারে না বলে শিশুদের অসংযত আচরণ, কুপ্রবৃত্তি ও অমানবিক আচরণ বৃদ্ধি পাচ্ছে। আজকাল শিশুরা টিভির ধর্মীয় বা শিক্ষামূলক অনুষ্ঠান দেখতে পছন্দ করে না বরং বিদেশি চ্যানেল, ফেসবুক, ইন্টারনেট, মোবাইল ও চ্যাট করতে পছন্দ করে। বাবা-মার অনুপস্থিতি ও নিয়ন্ত্রণহীনতার কারণেই কিশোর অপরাধ ও কিশোর মাদকসেবীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, যা মারাত্মক সামাজিক সমস্যার সৃষ্টি করছে।

ক. সামাজিক প্রতিষ্ঠান কী? ১

খ. Mass Media বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শিশুদের উল্লিখিত আচরণ নিয়ন্ত্রণে কোন প্রতিষ্ঠান ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সমস্যা সমাধানে আধুনিক প্রযুক্তি কীভাবে ভূমিকা রাখতে পারে? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ শহরের চাকচিক্যময় জীবনযাপন প্রণালী ও সুযোগ সুবিধার আকর্ষণে গ্রাম থেকে মানুষ ক্রমাগত শহরের দিকে ধাবিত হচ্ছে। কিন্তু এই শহরমুখী হওয়ার প্রবণতা কমাতে না পারলে ভারসাম্যহীন ও বসবাসের অযোগ্য হয়ে পড়বে আমাদের এই প্রিয় নগর। এমনিতে বস্তির নোংরা, অস্বাস্থ্যকর পরিবেশে মানবেতর জীবনযাপন ও জীবিকার জন্য নিরক্ষর জনগোষ্ঠী অপরাধ ও মাদক ব্যবসায় জড়িয়ে পড়ছে।

ক. আন্তর্জাতিক প্রবীণ দিবস কবে পালিত হয়? ১

খ. কিশোর আদালত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতি মোকাবিলার জন্য সমাজসেবা অধিদপ্তর পরিচালিত কোন কার্যক্রম বাস্তবায়ন সম্ভব? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে উক্ত কার্যক্রম কতটুকু কার্যকরি? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

৮. ★ রায়হান মাহমুদের মোবাইলে একটি মেসেজ আসে। সে মেসেজ পড়ে জানতে পারে যে, দেশে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস দেওয়া হয়েছে ৫ নং মহাবিপদ সংকেত। উপকূলের মানুষকে নিরাপদ স্থানে সরে যাওয়ার জন্য বলা হয়েছে। নদী ও সমুদ্রবন্দরসমূহকে সতর্ক করা হয়েছে।

ক. জাতীয় মানবাধিকার কমিশন কত সালে গঠন করা হয়? ১

খ. জাতীয় মানবাধিকার কমিশনের ২টি কার্যক্রম বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে রায়হান মাহমুদের দেখা মেসেজটি দুর্যোগ ব্যবস্থাপনার কোন পর্যায়ের কাজের অংশ ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, সামজকর্মের পদ্ধতি প্রয়োগ করে এক্ষেত্রে আরও বেশি সফল হওয়া যাবে? তোমার উত্তরের পক্ষে মতামত দাও। ৪

teachingbd24.com

৯. ▶ উচ্চশিক্ষিত আসিফ একটি আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার এ প্রতিষ্ঠান থেকে মূলত দুঃস্থ অসহায় নারী, ভূমিহীন এবং প্রায় ভূমিহীনদের বিনা জামানতে ঋণ দেওয়া হয়। দলীয় ভিত্তিতে এ ঋণ দেওয়া হয়। এ প্রতিষ্ঠান থেকে শুধু ঋণ দেওয়াই হয় না, বরং ঋণের ব্যবহার তদারকি করে তা সঠিকভাবে আদায়ও করা হয়। ঋণ গ্রহীতারা কেবল এর সদস্য নয় বরং মালিকও।

ক. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. প্রবীণ হিতৈষী সংঘের ২টি উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে আসিফের প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের সাথে বাংলাদেশের কোন প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য সামঞ্জস্যপূর্ণ? নিরূপণ করো। ৩
ঘ. আসিফের প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে তোমার নিজস্ব মূল্যায়ন উপস্থাপন করো। ৪

১০. ★ জনাব সাব্বির রহমান একটি আন্তর্জাতিক সংস্থায় চাকরি করেন। তার সংস্থাটি শিশুদের সুস্থ, নিরাপদ, পারিবারিক ও মানসিক পরিবেশে বেড়ে ওঠা এবং নারীদের অধিকার সংরক্ষণে কাজ করে। শিশুদের স্বাস্থ্য ও শিক্ষাক্ষেত্রে তার সংস্থাটির কাজ করে।

ক. সেভ দ্যা চিলড্রেন কে প্রতিষ্ঠা করেন? ১
খ. রেড ক্রিসেন্ট সোসাইটির ২টি কার্যক্রম ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনাব সাব্বির রহমান কোন আন্তর্জাতিক সংস্থায় কর্মরত? তার পরিচয় নিরূপণ করো। ৩
ঘ. বিশ্ব শিশু ও নারীদরে অধিকার রক্ষায় উক্ত সংস্থার কার্যক্রমের সফলতা মূল্যায়ন করো। ৪

১১. ★ তামিম একটি বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম বিষয়ের উপর সম্মান কোর্সে অধ্যায়ন করছে। তাকে তার শ্রেণি শিক্ষক পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য একটি সেবামূলক প্রতিষ্ঠানে প্রেরণ করেন এবং কিছু পরামর্শ দেন, যা তাকে তার লক্ষ্য বাস্তবায়নের জন্য অবশ্যই পালন করতে হবে। পরামর্শগুলো হলো—
সমস্যাগ্রস্ত ব্যক্তিকে সাদরে গ্রহণ করবে,
ক্লায়েন্টের প্রতি সম্মান প্রদর্শন করবে,
ক্লায়েন্টের সাথে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করবে না এবং
ক্লায়েন্টদের প্রয়োজনীয় তথ্য প্রকাশ করবে না।

ক. কখন থেকে কেস ম্যানেজমেন্টের ব্যবহার শুরু হয়? ১
খ. 'সমাজকর্ম শিক্ষায় অবিচ্ছেদ্য অংশ হলো মাঠকর্ম'— বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে তামিমকে যে পরামর্শ দেওয়া হয়েছে সমাজকর্মের ভাষায় তাকে কী বলে? পরামর্শগুলো কী কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. একজন সমাজকর্মীকে তার দক্ষতা অর্জনের জন্য উক্ত পরামর্শ ছাড়া আর কী কী নিয়ম মেনে চলতে হয় বলে তুমি মনে কর? ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭২

সময়- ৩০ মিনিট | বহুনির্বাচনি প্রশ্ন | পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. ★ কোন ধরনের চাহিদা মানুষের দৈনন্দিন জীবনের সাথে সম্পর্কিত?
ক) মৌলিক খ) ধর্মীয়
গ) মানবিক ঘ) সামাজিক

২. কোন মার্কিন সমাজবিজনী 'Common Human Needs' বইটি লিখেছেন?
ক) টোলে খ) রিচমন্ড
গ) মার্শাল ঘ) হপকিল

৩. কিসের মাধ্যমে মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটতে পারে?
ক) শিক্ষা খ) চিকিৎসা
গ) নিরাপত্তা ঘ) চিত্তবিনোদন

৪. ★ কোনো দেশের মৌলিক মানবিক চাহিদার নিশ্চয়তা কিসের ওপর নির্ভর করে?
ক) সামাজিক অবস্থার ওপর
খ) অর্থনৈতিক অবস্থার ওপর
গ) রাজনৈতিক অবস্থার ওপর
ঘ) আর্থ-সামাজিক অবস্থার ওপর

৫. ★ কোন শ্রেণি পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়কে বাধ্যতামূলক করা হয়েছে?
ক) অষ্টম শ্রেণি পর্যন্ত
খ) নবম শ্রেণি পর্যন্ত
গ) ষষ্ঠ থেকে একদশ শ্রেণি পর্যন্ত
ঘ) স্নাতক পর্যন্ত

৬. খাদ্য ঘাটতি কমানোর জন্য বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রম হলো—
i. সেচ সুবিধা
ii. কৃষিঋণ সুবিধা
iii. উন্নত ও অধিক ফলনশীল বীজ সরবরাহ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. ★ সমাজকর্ম প্রথম দিকে কোন সমস্যা সমাধানে কাজ করত?
ক) অর্থনৈতিক সমস্যা
খ) রাজনৈতিক সমস্যা
গ) নগরায়নজনিত সমস্যা
ঘ) মনো-সামাজিক সমস্যা

৮. কোন ধরনের আইন ন্যায়বিচার প্রতিষ্ঠায় কাজ করে?
ক) সরকারি আইন খ) আন্তর্জাতিক আইন
গ) বেসরকারি আইন ঘ) সামাজিক আইন

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন গার্লস স্কুলের সামনে বন্ধুদের সাথে দাড়িয়ে মেয়েদের উত্ত্যক্ত করা তার প্রতিদিনের কাজ। একদিন পুলিশ তাকে ধরে নিয়ে যায়। সুমনের মতো শিশু কিশোরদের বিচারের জন্য দেশে একটি আইন প্রণীত হয়েছে।

৯. উদ্দীপকে কোন আইনের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
ক) শিশু আইন- ১৯৭৪
খ) যৌতুক নিরোধ আইন- ১৯৮০
গ) পারিবারিক আদালত অর্ডিন্যান্স- ১৯৮৫
ঘ) নারী ও শিশু নির্যাতন দমন আইন- ২০০০

১০. উক্ত আইনের কার্যকর প্রয়োগ সুমন ও তার সমবয়সীদের—
i. আচরণ সংশোদন করবে
ii. দুর্ভোগে ফেলবে
iii. পরিপূর্ণ বিকাশে সহায়তা করবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. ★ কোন প্রথা নারী উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করে?
ক) বাল্যবিবাহ খ) দুর্নীতি
গ) যৌতুক প্রথা ঘ) নারী নির্যাতন

১২. ★ কোন কার্যক্রমের মাধ্যমে এদেশে সর্বপ্রথম সমাজসেবামূলক কর্মসূচি চালু হয়?
ক) বেবিহোম
খ) শহর সমাজসেবা
গ) চিকিৎসা সমাজকর্ম
ঘ) এতিমখানা প্রতিষ্ঠার মাধ্যমে

১৩. দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচির আওতায় রয়েছে—
i. ঝুঁকি হ্রাস প্রকল্প
ii. মানবিক সহায়তা কর্মসূচি
iii. সামাজিক নিরাপত্তা কর্মসূচি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. কিশোর উন্নয়ন কেন্দ্রের আইনগত ভিত্তি হলো—
i. শিশু আইন- ১৯৭৪
ii. শিশু বিধি- ১৯৭৬
iii. জাতীয় শিশু নীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. 'কিশোর আদালত' প্রতিষ্ঠিত হয় কত সালে?
ক) ১৯৭৬ খ) ১৯৭৮
গ) ১৯৭৯ ঘ) ১৯৮০

Teachingbd24.com

১৬. ★ গ্রামীণ বেকারদের কর্মসংস্থানের প্রক্রিয়া বিশ্লেষণে কী পরিলক্ষিত হয়?

ⓚ বৃত্তিমূলক প্রশিক্ষণ
ⓚ পূঁজি গঠনে সহায়তা
ⓖ গ্রামীণ শিল্পের প্রসার
ⓖ উপানুষ্ঠানিক প্রশিক্ষণ

১৭. সমাজসেবা অধিদপ্তরের সেবাগ্রহীতা হিসেবে যথার্থ হচ্ছে—

i. মুক্তিযোদ্ধা
ii. অসহায় দুঃস্থ রোগী
iii. সামাজিক অপরাধ প্রবণ ব্যক্তি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৮. শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরীক্ষামূলকভাবে কোথায় প্রথম চালু হয়?

(ক) টঙ্গী　(খ) গাজীপুর
(গ) কায়েতটুলী　(ঘ) মোহাম্মদপুর

১৯. নিচের কোনটি ব্র্যাকের মুখপত্র?

(ক) প্রবীণ হিতৈষী পত্রিকা
(খ) দৈনিক জনকণ্ঠ পত্রিকা
(গ) মাসিক গণকেন্দ্র
(ঘ) সাপ্তাহিক গণকেন্দ্র

২০. ড. মুহাম্মদ ইউনূস কর্তৃক গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠার যথার্থ কারণ কী?

(ক) বিভিন্ন ধরনের পুরস্কার লাভ
(খ) অর্থনৈতিক চাকা সচল করা
(গ) নতুন ধারার ব্যাংকিং ব্যবস্থা চালু করা
(ঘ) দারিদ্র্যের দুষ্টচক্র থেকে বের হয়ে আসা

২১. ★ ব্র্যাকের স্বাস্থ্য কর্মসূচি চালুর উদ্দেশ্য কী ছিল?

(ক) মহিলাদের স্যালাইন তৈরির প্রশিক্ষণ দেয়া
(খ) দেশব্যাপী ডায়রিয়া নিয়ন্ত্রণ
(গ) ভিটামিন 'এ' ক্যাপসুল বিতরণ
(ঘ) পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতন করে তোলা

২২. ★ জাতীয় এনজিও হিসেবে ইউসেপ কত সালে নিবন্ধিত হয়?

(ক) ১৯৮৮　(খ) ১৯৮৯
(গ) ১৯৯০　(ঘ) ১৯৯১

২৩. গ্রামীণ ব্যাংকের সজ্ঞে নিচের কোনটি সম্পৃক্ত?

(ক) মিরের সরাই　(খ) জোবরা গ্রাম
(গ) আনোয়ারা উপজেলা　(ঘ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:

নাসিম একাদশ শ্রেণির ছাত্র। বন্ধুদের সাথে তাল মিলিয়ে সে ইদানিং গাঁজা খাচ্ছে। নাসিমের মতো কিশোরদের মাদকাশক্তি থেকে মুক্ত করতে একটি আইন প্রণয়ন করা হয়েছে।

২৪. উদ্দীপকে কোন আইনের কথা বলা হয়েছে?

(ক) ডেজ্ঞারাস ড্রাগ অ্যাক্ট- ১৯৩৪
(খ) যৌতুক নিরোধ আইন- ১৯৮০
(গ) পারিবারিক আদালত অধ্যাদেশ- ১৯৮৫
(ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ- ১৯৮৯

২৫. উক্ত আইনের মাধ্যমে নাসিম—

i. কর্মসংস্থানের সুযোগ পাবে
ii. স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারবে
iii. মাদক প্রতিরোধে ভূমিকা রাখতে পারবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২৬. ★ মাঠকর্ম অনুশীলনের দ্বিতীয় ধাপ কোনটি?

(ক) পরিকল্পনা　(খ) মূল্যায়ন
(গ) সমস্যা নির্ধারণ　(ঘ) যোগাযোগ কৌশল

২৭. কীসের আলোকে মাঠকর্মী কর্মপরিকল্পনা নির্ধারণ করেন?

(ক) প্রাপ্ত তথ্যের আলোকে
(খ) দিকনির্দেশনা মেনে
(গ) সমস্যা বিবেচনা করে
(ঘ) নতুন পদ্ধতি চিহ্নিত করে

২৮. ★ Field Work Manual-এর লেখক কে?

(ক) CL Hant　(খ) Bogardas
(গ) PB Horton　(ঘ) MA Momen

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

বুবেলের পঠিত বিষয়ে অনার্স ও মাষ্টার্স শ্রেণিতে একটি নির্দিষ্ট সময়ের জন্য বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানে তাত্ত্বিক জ্ঞান বাস্তবে অনুশীলন করতে হয়।

২৯. উদ্দীপকে বুবেলের পঠিত বিষয়ের সাথে মিল রয়েছে কোন বিষয়ের?

(ক) অর্থনীতি　(খ) সমাজকর্ম
(গ) সমাজবিজ্ঞান　(ঘ) মনোবিজ্ঞান

৩০. উদ্দীপকে বর্ণিত অনুশীলন কাজের মাধ্যমে শিক্ষার্থীদের অর্জিত হয়—

i. দক্ষতা
ii. দায়িত্ব পালনে সক্ষমতা
iii. সমাজকর্মের জ্ঞান মূল্যবোধ, নীতি, এবং কৌশল প্রয়োগে ক্ষমতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com